মেহেরপুরে আল্লাহকে নিয়ে কটূক্তি, যুবককে গণধোলাই

মেহেরপুর শহরে আল্লাহকে নিয়ে কটূক্তি করায় হাফিজুল ইসলাম (৩৫) নামের এক রিকশাচালককে গণধোলাই দিয়ে পুলিশের হাতে সোপর্দ করেছে জনতা।

বুধবার (৯ এপ্রিল) দুপুরে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এই ঘটনা ঘটে। হাফিজুল মেহেরপুরের গাংনী উপজেলার সহোগলপুর গ্রামের বাসিন্দা এবং বাবলুর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় মেহেরপুর প্রেসক্লাবের সামনে ইসলাম, মুসলিম, ঈমান ও ফিলিস্তিন বিষয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন চলছিল। এ মানববন্ধনটি মেহেরপুরের আলোচিত নাস্তিক চঞ্চল আহমেদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আয়োজন করে জেলা তৌহিদী জনতা।

মানববন্ধন চলাকালীন হাফিজুল রিকশা চালিয়ে পাশ দিয়ে যাওয়ার সময় আল্লাহকে নিয়ে আপত্তিকর মন্তব্য করলে উপস্থিত জনতা ক্ষুব্ধ হয়ে তাকে ধরে গণধোলাই দেয়। পরে তাকে সদর থানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহ উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

প্রসঙ্গত, এর আগে মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের চঞ্চল আহমেদ তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে ইসলাম, ধর্ম ও ফিলিস্তিন নিয়ে কটূক্তি করেন। তারও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা খেলাফত মজলিসের সভাপতি মুফতি হুসাইন আহমাদ, সাধারণ সম্পাদক মুফতি মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি মাহবুবুর রহমানসহ স্থানীয় তৌহিদী জনতা।